

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
জেশপ বিভিং (দ্বি-তল), ৬৩, নেতাজী সুভাষ রোড
কলকাতা - ৭০০ ০০১

নং :- ১৫৩৩/পি.এন./ও/ ১/গ্রাম-৫/০৪ (অংশ-৪)

তারিখ: ০২. ০৪. ২০০৯

আদেশনামা

যেহেতু পশ্চিমবঙ্গ সরকারের অন্তর্গত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের প্রজ্ঞাপন নং ৪৩৯৬-পি.এন./ও/ ১/গ্রাম-৫/০৪ তারিখ ২৭. ০৯. ২০০৭ কর্তৃক প্রকাশিত পশ্চিমবঙ্গ (গ্রাম পঞ্চায়েত হিসাব নিরীক্ষা এবং ব্যয়বরাদ) নিয়মাবলী, ২০০৭-এ উপসমিতি ভিত্তিক বার্ষিক বাজেট প্রস্তুতির জন্য একটি নির্দিষ্ট সারণি (নির্দেশ নং ৩৫) প্রদত্ত হয়েছে ;

এবং যেহেতু সম্প্রতি সারা রাজ্যের ১৪টি জেলার ৯২১টি গ্রাম পঞ্চায়েতে নিবিড় সহায়তা সমন্বিত পরিকল্পনা ও বাজেট রচনার কাজ চালু হয়েছে ;

এবং যেহেতু এই সকল গ্রাম পঞ্চায়েতে গ্রাম সংসদ পরিকল্পনা ভিত্তিক, উপসমিতি পরিকল্পনা ভিত্তিক সমন্বিত গ্রাম পঞ্চায়েতে পরিকল্পনা ও বাজেট রচনার কাজ চলছে ;

এবং যেহেতু গ্রাম সংসদ ও উপসমিতি পরিকল্পনা ভিত্তিক বাজেট রচনার ক্ষেত্রে ইতিমধ্যে পরিলক্ষিত হয়েছে যে ঐ নিয়মাবলীর ৩৫ নং নির্দেশ উপসমিতি ভিত্তিক ব্যয়বরাদ রচনার ক্ষেত্রে সুবিধাজনক বলে অনুভূত হচ্ছে না ;

এবং যেহেতু ঐ অসুবিধা দূর করার জন্য এই বিভাগ কর্তৃক ৩৫ নং নির্দেশের পরিবর্তিত নির্দেশ প্রস্তুত করা হয়েছে ;

অতএব, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ ৪১ আইন)-এর ২১২ ধারা বলে রাজ্যপাল এই মর্মে সন্তোষ সহকারে নির্দেশ প্রদান করছেন যে, রাজ্যের যে ৯২১-টি গ্রাম পঞ্চায়েতে নিবিড় সহায়তা সমন্বিত পরিকল্পনা ও বাজেট রচনার কাজ চলছে সেই সকল গ্রাম পঞ্চায়েতে পূর্বৌক্ত নিয়মাবলীর ৩৫ নং নির্দেশের পরিবর্তিত নির্দেশটিই প্রযোজ্য থাকবে ।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বাধীন মানবেন্দ্রনাথ রায়

প্রধান সচিব, পশ্চিমবঙ্গসরকার

ks.

নং :- ১৫৩৩/ ১(৯)/পি.এন./ও/ ১/তার-৫/০৪ (অংশ-৪)

তারিখ: ০২. ০৪. ২০০৯

আদেশনামার প্রতিলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রেরিত হল :

১. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ভবন, কলকাতা-৭০০ ০০১।
২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়ত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।
৩. সভাধিপতি জেলা পরিষদ।
৪. জেলা শাসক জেলা।
৫. বিভাগীয় কমিশনার,.....।
৬. মহকুমা শাসক মহকুমা।
৭. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক জেলা।
৮. ব্লক উন্নয়ন আধিকারিক ব্লক।
আদেশনামার অনুলিপি সকল গ্রাম পঞ্চায়েতে বন্টনের জন্য অনুরোধ করা হচ্ছে।
৯. ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব / রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব।

(মধুমিতা রায়)
যুগ্মসচিব, পশ্চিমবঙ্গ সরকার

গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা
কৃষি ও প্রাণীসম্পদ বিকাশ উপ-সমিতি ভিত্তিক ব্যয়বরাদ্দের সারমর্ম (২০০.....-০.....)

গ্রাম পঞ্চায়েত , (পঞ্চায়েত সমিতি , জেলা)

ক্ষেত্র / বিষয় *	সম্পদের উৎস	বর্তমান আর্থিক বছরের অনুমিত ব্যয়বরাদ্দ (২০০..... - ০.....)		আগামী বছরের অনুমিত ব্যয়বরাদ্দ (২০০..... - ০.....)		মন্তব্য
		প্রাপ্তব্য অর্থ	অনুমিত ব্যয়	প্রাপ্তব্য অর্থ	অনুমিত ব্যয়	
কেন্দ্র বা রাজ্য সরকার বা জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতি থেকে প্রাপ্ত অনুদান						
নিজস্ব আয় থেকে প্রাপ্ত তহবিল						
অন্যান্য আয়						
মোট						

স্বাক্ষর

সংশ্লিষ্ট, উপ-সমিতি

*বিষয় - শিক্ষা, জনস্বাস্থ্য, নারী ও শিশু উন্নয়ন, সমাজ কল্যাণ, কৃষি, প্রাণীপালন, শিল্প, পরিকাঠামো এবং অন্যান্য বিবিধ